



Bangladesh Association of International Recruiting Agencies (BAIRA)

স্মারক নং-বায়রা/আর.এল.-১০২২/২০২৪/৬০১

তারিখ: ২২/১০/২০২৪

জনাব মোঃ আবু বক্কর
ব্যবস্থাপনা অংশীদার
মেসার্স সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল
আর.এল. নং-১০২২
সিটি হার্ট (৬ষ্ঠ তলা), স্যুইট নং-৬/১,
ভিআইপি রোড, ৬৭, নয়াপল্টন, ঢাকা-১০০০।

বিষয়: রিট্রুটিং এজেন্সী মেসার্স সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আর.এল. নং-১০২২) এর বায়রা'র সদস্যপদ বাতিলকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাকে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩' এর ধারা ১২(গ) এ প্রদত্ত ক্ষমতাবলে রিট্রুটিং এজেন্সী মেসার্স সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আর.এল. নং-১০২২) এর লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত করে ৩০/০৯/২০২৪ তারিখে ৪৯.০০.০০০০.০৫৬.২৭.০০৯.২৩-৭৪৩ নং স্মারকে একটি অফিস আদেশে জারী করেছে (কপি সংযুক্ত)।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আলোচ্য রিট্রুটিং এজেন্সী মেসার্স সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আর.এল. নং-১০২২) এর লাইসেন্স বাতিল ও জামানত বাজেয়াপ্ত করায় উক্ত এজেন্সীর বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিট্রুটিং এজেন্সীজ (বায়রা) এর সদস্যপদ নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।

এমতাবস্থায়, মেসার্স সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আর.এল. নং-১০২২) এর সকল তথ্যাদি বায়রা'র ওয়েব সাইট, মেইলিং লিস্ট হতে বাদ দেয়ার বিষয়টি আপনাকে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ১ পাতা।

বায়রা কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(কে,এম, ফক্কুল আমীন)

সচিব, বায়রা।

অনুলিপিঃ

- ১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।
- ৩। সম্মানিত ভারপ্রাপ্ত সভাপতি/মহাসচিব, বায়রা।
- ৪। ম্যানেজার/অফিস সুপার/সেকশন অফিসার/আইটি অফিসার/হিসাব শাখা/বায়রা ডাটাবেজ, বায়রা।
- ৫। অফিস কপি, বায়রা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা
এনফোর্সমেন্ট শাখা-৩
www.probashi.gov.bd

বায়রা সচিবালয়, ঢাকা	
সম্মানিত সভাপতি/মহাসচিব/ সচিব	সচিব
সিনিয়র সচিব/.....	
ক্যান্টনমেন্ট/ওএস/এসও/এও/ আইটিও/.....	
রিসেপশনিষ্ট	
ডকেট/ডায়েরী নং	২২৭৭
তারিখ ও সময়	০২/১০/২৪

নং-৪৯.০০.০০০০.০৫৬.২৭.০০৯.২৩ - ৭৪৬

অফিস আদেশ

যেহেতু, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ ও তদধীনে প্রণীত বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা, ২০১৯ অনুযায়ী রিক্রুটিং এজেন্সি পরিচালনার জন্য আপনার অনুকূলে রিক্রুটিং এজেন্সির লাইসেন্স নং-আরএল-১০২২ (সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল) ইস্যু করা হয়েছে;

০২। যেহেতু, আপনার অনুকূলে ইস্যুকৃত লাইসেন্সের শর্ত অনুযায়ী আপনার কর্তৃক 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩' এবং 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সংশোধন) আইন, ২০২৩' এবং তদধীনে প্রণীত সকল বিধি বিধান পালনের বাধ্যবাধকতা রয়েছে;

০৩। যেহেতু আপনার রিক্রুটিং এজেন্সি সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আরএল-১০২২)-এর বিরুদ্ধে এ মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, মালয়েশিয়াগামী ৫৩ জন কর্মীর কোটা যা FWCMS থেকে আল ফারাহ হিউম্যান রিসোর্স এন্ড কনসালটেন্সি (আরএল-১৪৮৫) এর নামে Allocated হওয়ার পর উক্ত কর্মীদের মন্ত্রণালয় বা বিএমইটির নিয়োগানুমতি না নিয়ে জাল-জালিয়াতির মাধ্যমে রিক্রুটিং এজেন্সি সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আরএল-১০২২)-এর নামে স্মার্ট কার্ড ইস্যু করতঃ মালয়েশিয়া প্রেরণ করা হয়েছে। উক্ত অভিযোগটি বিএমইটির তদন্তে প্রমানিত হয়েছে এবং পরবর্তীতে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত শুনানিতেও বিষয়টি প্রমাণিত হয়েছে; যা 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩' এর ধারা ১২ (গ) অনুযায়ী দন্ডযোগ্য অপরাধ;

০৫। যেহেতু, রিক্রুটিং এজেন্সির উক্তরূপ কার্যকলাপ অসদাচরণের পর্যায়ে পড়ে;

০৬। সেহেতু, মালয়েশিয়াগামী ৫৩ জন কর্মীর মন্ত্রণালয় বা বিএমইটির নিয়োগানুমতি না নিয়ে জাল-জালিয়াতির মাধ্যমে রিক্রুটিং এজেন্সি সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আরএল-১০২২)-এর নামে স্মার্ট কার্ড ইস্যু করতঃ মালয়েশিয়া প্রেরণ করার বিষয়টি প্রমাণিত হওয়ায় 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩' এর ধারা ১২ (গ) এ প্রদত্ত ক্ষমতাবলে রিক্রুটিং এজেন্সি সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আরএল-১০২২)-এর লাইসেন্স নির্দেশক্রমে বাতিল ও জামানত বাজেয়াপ্ত করা হলো।

(মোঃ শিবলী সাদিক)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর : ০২-৪১০৩০২২৩

ই-মেইল: ewenforcement3@probashi.gov.bd

স্বত্বাধিকারী

সিমপ্লেক্স ইন্টারন্যাশনাল (আরএল-১০২২)

সিটি হার্ড (৫ম তলা), ভিআইপি রোড, ৬৭, নয়াপল্টন, ঢাকা-১০০০।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা ঢাকা।
২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২, কাকরাইল, ঢাকা।
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
৬. যুগ্মসচিব (কর্মসংস্থান উইং)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
৭. যুগ্মসচিব (মনি: ও এনফোর্স)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়;
৮. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি (বায়রা), ১৩০, ইস্কাটন রোড, ঢাকা; এবং
৯. অফিস কপি।